গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

'জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৯' উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি: মোছা: সুলতানা পারভীন
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম।

তারিখ: ১৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।
সময়: দুপুর- ০১.০০ ঘটিকা।
স্থান: জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ।

সভার উপস্থিতিঃ পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। অতঃপর ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন, শিল্প মন্ত্রণালয়, ঢাকা'র ০৩/০৯/২০১৯ খ্রি. তারিখের ৩৬.১০.০০০০.০০৬.২৩.০০১.১৯-৫১৫ নং স্মারক পত্রখানা সভায় পাঠ করে শোনানো হয় এবং ০২ অক্টোবর, ২০১৯ 'জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৯' সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় কর্মসূচি প্রণয়নের জন্য সভায় সকলের মতামত চাওয়া হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

কর্মসূচি

| ক্রঃ নং | তারিখ ও সময় | কর্মসূচি বিবরণী | স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|---|
| ১ | ০২ অক্টোবর ২০১৯ সকাল-১০.০০ | বর্ণাঢ্য র‍্যালি | জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহর প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে শেষ হবে। | জেলা প্রশাসন কুড়িগ্রাম |
| ২ | ০২ অক্টোবর ২০১৯ সকাল-১০.৩০ | আলোচনা সভা | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম। | জেলা প্রশাসন কুড়িগ্রাম |

২। অদ্যকার সভায় উপস্থিত সদস্যবৃন্দ ০২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০১৯ উদ্‌যাপন কমিটির সদস্য হিসেবে গণ্য হবেন।

'জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৯' উদ্‌যাপন উপলক্ষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হ'ল:

(১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রামকে 'জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৯' উদ্‌যাপন উপলক্ষে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল বিষয়ে সমন্বয় করার জন্য অনুরোধ করা হয়।

(২) ০২ অক্টোবর ২০১৯ 'জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৯' উদ্‌যাপন উপলক্ষে সকল কর্মসূচিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

(৩) জেলা প্রশাসন কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সমন্বয় রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করার জন্য কুড়িগ্রাম সদর উপজেলা ব্যতীত উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

(৪) কুড়িগ্রাম জেলার সকল এনজিওদেরকে র‍্যালিতে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

চলমান-২

(৫) গৃহীত কর্মসূচির বহুল প্রচারসহ বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভায় জেলা তথ্য অফিস, কুড়িগ্রামকে মাইক সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়।

(৬) র‍্যালিতে সরকারী ও বেসরকারী বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

(৭) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রামকে ২০০ জন প্রশিক্ষণার্থীকে র‍্যালিতে অংশগ্রহণের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

(৮) ব্যবস্থাপক, আঞ্চলিক হাঁস প্রজনন খামার, কুড়িগ্রামকে পোল্ট্রি ফার্মের সংগঠনের সদস্যদের র‍্যালিতে অংশগ্রহণের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

(৯) ব্যবস্থাপক, বিসিক, কুড়িগ্রামকে ৫০ জন উদ্যোক্তা ও ব্যানারসহ র‍্যালিতে অংশগ্রহণের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

(১০) মহিলা বিষয়ক কর্মকর্তা, কুড়িগ্রামকে ৫০ জন সদস্যকে র‍্যালিতে অংশগ্রহণের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।

পরিশেষে 'জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৯' উদ্‌যাপনের লক্ষ্যে সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫/০৯/১৯

(মোছা: সুলতানা পারভীন)
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম
ও
সভাপতি
'জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৯' উদ্‌যাপন কমিটি

স্মারক নং - ০৫.৪৭.৪৯০০.০০৩.০২.০৪০.১৯- ৭২৭(২০০)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৬
১৫ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। ...............................................................................
...............................................................................কুড়িগ্রাম।

১৫/০৯/১৯

জেলা প্রশাসকও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম।